



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/9/2021

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল, মার্ফি, ও ল্যামন্ট অঞ্চলের গণ পরিবহন ব্যবস্থায় প্রদত্ত ফেডারেল অর্থায়নের ব্যাপারে চুক্তি ঘোষণা করেছেন

MTA, NJ ট্রানজিট, ও কাইনেটিকাট ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশনসহ ট্রানজিট এজেন্সিগুলির জন্য প্রদত্ত অর্থায়ন, মহামারী-সংক্রান্ত রাজস্ব লোকসান মেটাতে সাহায্য করবে

গভর্নর ক্যাথি হোকল, ফিল মার্ফি, এবং নেড ল্যামন্ট আজকে ট্রানজিট ব্যবস্থার যাত্রীসংখ্যা ও রাজস্বের ঐতিহাসিক মহামারী-সংক্রান্ত লোকসান প্রশমিত করতে অঞ্চলের জন্য কংগ্রেস প্রদত্ত অসাধারণ ফেডারেল জরুরি ত্রাণ তহবিলের উপবণ্টনের ব্যাপারে চুক্তি ঘোষণা করেছেন।

আলাপ-আলোচনার পর, স্টেটগুলি একমত হয়েছে যে তহবিলের আনুমানিক 10.85 বিলিয়ন মার্কিন ডলার নিউ ইয়র্কের জন্য, 2.66 বিলিয়ন মার্কিন ডলার নিউ জার্সির জন্য এবং 474 মিলিয়ন মার্কিন ডলার কাইনেটিকাটের জন্য থাকবে।

তহবিলটি, যা প্রদান করেছে করোনাভাইরাস রেস্পন্স অ্যান্ড রিলিফ সাপ্লিমেন্ট অ্যাপ্রোপ্রিয়েশন্স অ্যাক্ট, 2021 (Coronavirus Response and Relief Supplemental Appropriations Act, 2021, CRRSAA) এবং আমেরিকান রেস্কিউ প্ল্যান অ্যাক্ট (American Rescue Plan Act, ARPA), স্বীকৃতি দেয় যে মহামারীর সর্বাধিক ক্ষতিগ্রস্তদের মধ্যে ট্রাইস্টেট এলাকা রয়েছে এবং এসব স্টেটে অবস্থিত দেশের সর্ববৃহৎ সাবওয়ে, কমিউটার রেল ও বাস সেবা যাতে ছাঁটাই, লম্বা সাময়িক ছুটি, ও চরম সেবার ব্যাঘাত এড়াতে পারে সেজন্য তাদের প্রয়োজনীয় রিসোর্স প্রদান করে। এসব ট্রানজিট এজেন্সিগুলি নিশ্চিত করে যে অত্যাবশ্যকীয় কর্মীরা যাতে যেখানে তাদেরকে সর্বাধিক প্রয়োজন, তারা সেখানে থাকতে পারে এবং এই অর্থায়ন তাদের দীর্ঘমেয়াদী পুনর্বাসন ও টেকসইতা সমর্থনে সাহায্য করবে।

"আমি প্রেসিডেন্ট বাইডেন, সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা শুমার, সিনেটের জিলিব্র্যান্ড, এবং স্পিকার পেলোসিকে এই অতি প্রয়োজনীয় পরিবহন অর্থায়ন নিশ্চিত করার জন্য ধন্যবাদ জানাতে চাই," **গভর্নর হোকল বলেন।** "নিউ ইয়র্ক সিটি এবং ট্রাইস্টেট অঞ্চল মহামারী থেকে সম্পূর্ণ পুনরুদ্ধার করতে পারবে না যদি আমাদের ট্রানজিট এজেন্সিগুলি প্রতিদিন লাখ লাখ মানুষকে কার্যকরভাবে ও দক্ষতার সাথে নিউ ইয়র্ক সিটির ভেতরে-বাইরে পরিবহন না করে। আমার সহকর্মী গভর্নরদের সাথে অনেকগুলি উৎপাদনশীল আলোচনার ফলাফল হিসেবে, আমি খুশি যে আমরা একটি চুক্তিতে পৌঁছেছি যা সবার জন্য লাভজনক হবে।"

"আমাদের অঞ্চলের অর্থনৈতিক পুনরুদ্ধারের জন্য আমাদের গণ পরিবহন ব্যবস্থার থেকে আর কিছুই অধিক গুরুত্বপূর্ণ নয়। এই চুক্তি দ্বারা, আমরা অফিস ফেরত কর্মীদের জন্য একটি নির্ভরযোগ্য ও নিরাপদ কমিউট নিশ্চিত করবো," **গভর্নর ফিল মার্কি বলেন।** "আমি প্রেসিডেন্ট বাইডেন, স্পিকার পেলোসি, সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা শুমার, এবং নিউ জার্সির কংগ্রেসনাল ডেলিগেশনকে এই ব্যাপারে তাদের নেতৃত্বের জন্য, এবং গভর্নর হোকল ও ল্যামন্টকে আমাদের অঞ্চলের পরিবহন নেটওয়ার্ক শক্তিশালী করতে নিউ জার্সির সাথে কাজ করার জন্য ধন্যবাদ জানাচ্ছি।"

"আজকে রাতে কাইনেটিকাট, নিউ ইয়র্ক ও নিউ জার্সির মধ্যকার চুক্তি আমাদের অঞ্চলের জন্য দারুণ সংবাদ," **গভর্নর নেড ল্যামন্ট বলেন।** "এটি নিশ্চিত করে যে এখন আমাদের স্টেটগুলির গণ পরিবহন ব্যবস্থা, যা মহামারীর ফলে মারাত্মক আর্থিক ক্ষতির সম্মুখীন হয়েছে, পুনরুদ্ধারের সমর্থন করার জন্য ফেডারেল অর্থায়ন উপলভ্য আছে। আমি গভর্নর হোকল ও মার্কিকে এটি পর্যন্ত করতে তাদের সমবেত কাজের জন্য ধন্যবাদ জানাচ্ছি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)